

# ট্যাক্স সংক্রান্ত তথ্যপত্র জানুয়ারি 2022

## কিভাবে আপনার ট্যাক্স রিটার্ন জমা দিবেন

আপনার কি ট্যাক্স রিটার্ন জমা দেয়ার ব্যাপারে সাহায্য প্রয়োজন? কানাডা রেভিনিউ এজেন্সি (Canada Revenue Agency, CRA) কমিউনিটি স্বেচ্ছামূলক আয়কর কর্মসূচির (Community Volunteer Income Tax Program) মাধ্যমে উপযুক্ত ব্যক্তিদের জন্য বিনামূল্যে ট্যাক্স ক্লিনিক আয়োজন করে থাকে।

আপনার এলাকায় বিনামূল্যের ট্যাক্স ক্লিনিকগুলোর তালিকা [Canada.ca/revenue-agency](https://Canada.ca/revenue-agency) ঠিকানায় CRA ওয়েবসাইট থেকে খুঁজে নিতে পারেন। এছাড়াও টরোন্টো সিটি বিনামূল্যে ট্যাক্স ক্লিনিকের প্রসার ঘটচ্ছে; আপনি [toronto.ca](https://toronto.ca) ওয়েবসাইটে অথবা 311-এ ফোন করে আরো তথ্য জানতে পারবেন।

এছাড়া CRA কর্তৃক অনুমোদিত নিম্নলিখিত যেকোনো নেটফাইল (Netfile) সফটওয়্যার ব্যবহার করে আপনি অনলাইনেও আপনার ট্যাক্স জমা দিতে পারবেন:

- CloudTax
- H&R Block (অনলাইন)
- SimpleTax
- TurboTax
- UFile Tax ক্রেডিট ও বেনিফিট

## ট্যাক্স ক্রেডিট ও বেনিফিট

প্রতি বছর আপনার ট্যাক্স রিটার্ন দাখিল করার মাধ্যমে, আপনি বিভিন্ন ট্যাক্স ক্রেডিট ও বেনিফিট পাওয়ার যোগ্য হতে পারেন।

**নিম্ন-আয়ের ব্যক্তি ও পরিবারসমূহের জন্য ট্যাক্স (Low-income Individuals and Families Tax, LIFT)**

- নিম্ন-আয়ের ও ন্যূনতম মজুরির শ্রমিকদের জন্য \$850 ডলার পর্যন্ত এবং দম্পতিদের জন্য \$1,700 ডলার পর্যন্ত ইনকাম ট্যাক্স রিলিফ প্রদান করে

### **অন্টারিও চাইল্ড বেনিফিট (Ontario Child Benefit)**

- নিম্ন থেকে মধ্যম আয়ের পরিবারগুলোকে তাদের কর্মসংস্থানের অবস্থা নির্বিশেষে প্রতি বছর প্রত্যেক সন্তানের জন্য সর্বোচ্চ \$1,434 ডলার পর্যন্ত পেআউট প্রদান করে

### **অন্টারিও ট্রিলিয়াম বেনিফিট (Ontario Trillium Benefit, OTB)**

- অন্টারিও ট্রিলিয়াম বেনিফিটের মধ্যে অন্টারিও সেলস ট্যাক্স ক্রেডিট অন্তর্ভুক্ত রয়েছে, যা নিম্ন আয়ের অন্টারিওবাসীদেরকে তাদের পরিশোধ করা সেলস ট্যাক্সের জন্য রিলিফ প্রদান করে থাকে। সর্বোচ্চ বার্ষিক ক্রেডিটের পরিমাণ হলো পরিবারের প্রত্যেক প্রাপ্তবয়স্ক ব্যক্তি ও শিশুর জন্য \$313 ডলার।
- অন্টারিও এনার্জি এন্ড প্রপার্টি ট্যাক্স ক্রেডিটও এই অন্টারিও ট্রিলিয়াম বেনিফিটের অংশ। তবে, বেশিরভাগ TCHC ভবন মিউনিসিপ্যাল শিক্ষা ও প্রপার্টি ট্যাক্স থেকে অব্যাহতিপ্রাপ্ত, এবং এসব ভবনের ভাড়াটিয়ারা প্রপার্টি ট্যাক্স ক্রেডিটের জন্য যোগ্য হবেন না।
- মিউনিসিপ্যাল শিক্ষা ও প্রপার্টি ট্যাক্স পরিশোধ করে এমন কিছু TCHC ভবনের একটি তালিকা [torontohousing.ca/taxexempt](http://torontohousing.ca/taxexempt) ওয়েবসাইটে অনলাইনে পোস্ট করা হবে। এছাড়াও আপনার ভবনের জন্য TCHC প্রপার্টি ট্যাক্স পরিশোধ করে কিনা তা নিশ্চিত করতে আপনি 416-981-5500 নম্বরে TCHC-এর গ্রাহক সেবা কেন্দ্রে ফোন করতে পারেন

### **কানাডা চাইল্ড বেনিফিট (Canada Child Benefit, CCB)**

- সর্বোচ্চ বার্ষিক বেনিফিট হলো 6 বছরের কম বয়সী প্রত্যেক শিশুর জন্য \$6,765 ডলার এবং 6 থেকে 17 বছর বয়সী প্রত্যেক শিশুর জন্য \$5,708 ডলার।
- CCB এর মধ্যে চাইল্ড ডিজেবিলিটি বেনিফিটও অন্তর্ভুক্ত রয়েছে। প্রত্যেক উপযুক্ত শিশুর জন্য মাসে সর্বোচ্চ \$240 ডলার বেনিফিট পাওয়া যায়।

### **কানাডা ওয়ার্কার্স বেনিফিট (Canada Workers Benefit, CWB)**

- এই ফেরতযোগ্য ট্যাক্স ক্রেডিট কর্মীদের নিম্ন-আয়ের ব্যক্তি ও পরিবারগুলোর জন্য ট্যাক্স রিলিফ প্রদান করে। একক ব্যক্তিদের জন্য সর্বোচ্চ \$1,381 ডলার এবং পরিবারগুলোর জন্য \$2,379 ডলার পেমেন্ট প্রদান করা হয়ে থাকে।
- CWB-এর মধ্যে প্রতিবন্ধীদের জন্য একটি সম্পূর্ণ পেমেন্টও অন্তর্ভুক্ত রয়েছে। উপযুক্ত একক ব্যক্তিদের অথবা পরিবারগুলোর জন্য সর্বোচ্চ \$713 ডলার পেমেন্ট প্রদান করা হয়ে থাকে।

## **GST/HST ক্রেডিট**

- এই কর-মুক্ত ত্রৈমাসিক পেমেন্ট নিম্ন ও সীমিত আয়ের ব্যক্তি ও পরিবারগুলোকে তাদের পরিশোধ করা GST বা HST-এর কিছু অংশ পরিশোধ করতে সাহায্য করে
- আপনি অবিবাহিত হলে সর্বোচ্চ বার্ষিক ক্রেডিটের পরিমাণ হলো \$451 ডলার, আপনি বিবাহিত হলে অথবা পার্টনারের সাথে বসবাস করলে \$592 ডলার, এবং 19 বছরের কম বয়সী প্রত্যেক শিশুর জন্য \$155 ডলার।

## **গ্যারান্টিড ইনকাম সাপ্লিমেন্ট (Guaranteed Income Supplement, GIS)**

- নিম্ন আয়ের এবং কানাডায় বসবাসকারী বৃদ্ধ বয়সের নিরাপত্তা পেনশন (Old Age Security pension) গ্রহীতাদের জন্য কর-মুক্ত একটি মাসিক বেনিফিট।
- সর্বোচ্চ মাসিক পেমেন্টের পরিমাণ \$919 ডলার।

## **অন্টারিও সিনিয়র'স পাবলিক ট্রানজিট ট্যাক্স ক্রেডিট (Ontario Seniors' Public Transit Tax Credit)**

- এই ফেরতযোগ্য ট্যাক্স ক্রেডিট 65 বছরের বেশি বয়সী প্রবীণদের গণপরিবহনের ব্যয় পরিশোধে সহায়তা করে।
- আপনি \$3,000 ডলার পর্যন্ত উপযুক্ত গণপরিবহনের খরচ দাবি করতে পারবেন এবং প্রতি বছর \$450 ডলার পর্যন্ত পেতে পারেন।